

উপাচার্যের সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয় মাদকবিরোধী ফোরামের সাক্ষাৎ



দেশে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে এই প্রথম জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মাদকবিরোধী ফোরাম গঠনের উদ্যোগ নেয়া হয়েছে। এই ধারাবাহিকতায় মাদকবিরোধী ফোরামের কার্য নির্বাহী কমিটি গঠন করা হয়। এই উপলক্ষে ১৮ সেপ্টেম্বর, ২০১৯-বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় মাদকবিরোধী ফোরাম উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সাথে সৌজন্য সাক্ষাত করেন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় মাদকবিরোধী ফোরামের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল, নতুন কার্যনির্বাহী কমিটির সভাপতি অর্থনীতি বিভাগের ৯ম ব্যাচের শিক্ষার্থী মোঃ নাজমুল হুদা, সাধারণ সম্পাদক পরিসংখ্যান বিভাগের ১০ম ব্যাচের শিক্ষার্থী মোঃ মোতাহের হোসেন মজুমদার সহ অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।